দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

02 JUL 1988
তারিখ ... ... ...
পৃষ্ঠা 1 ... কলাম 2 ...

22

120

# ২১শে জুলাই পর্যন্ত বিআইটি বন্ধ ঘোষণা

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১লা জুলাই।—চট্টগ্রামে বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজি (বিআইটি) কর্তৃপক্ষ আজ শনিবার থেকে আগামী ২১শে জুলাই পর্যন্ত ইনসটিটিউট বন্ধ ঘোষণা করেছেন।

গত বৃহস্পতিবার ইনসটিটিউটে দু'দফা সংঘর্ষের পর গতরাতে বিআইটি কর্তৃপক্ষ এই সিদ্ধান্ত নেন।

জাতীয়তাবাদী ছাত্রদল জানায় গতকাল নিখোঁজ ৪ জন ছাত্র নেতার এখনো কোন খোঁজ পাওয়া যায়নি। পুলিশ প্রশাসন ও কর্তৃপক্ষের কাছে আবেদন জানিয়ে কোন ফল হয়নি।

বাংলাদেশ ছাত্রলীগ এই ঘটনার জন্য জাতীয়বাদী ছাত্রদলকে দায়ী করেছে এবং তাদের আহত কর্মীদের ব্যাপারে কোন ব্যবস্থা না নেয়ায় ক্ষোভ প্রকাশ করেছে।

উভয় ছাত্র সংগঠনই ইনসটিটিউট খুলে দেয়ার দাবী জানিয়েছে।